



কুমিল্লা (দক্ষিণ), ১১ ডিসেম্বর, ২০২০ (বাসস) : 'মুজিববর্ষের অঙ্গীকার ইএফডিতে এনবিআর' এই প্রতিপাদ্য বিষয়ে নিয়ে কুমিল্লায় জাতীয় ভ্যট দিবস ও ভ্যট সপ্তাহ পালিত হয়েছে। শুক্রবার বিকেলে কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যট কমিশনারেটের উদ্যোগে শহরের পার্কভিউ ভবনের কমিশনার কার্যালয়ের সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে তিনটি প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ভ্যট প্রদানে বিশেষ অবদান রাখায় সম্মাননা প্রদান করা হয়। কুমিল্লা কাস্টমসের উর্ধ্বতন কর্মকর্তা, করদাতা ও ব্যবসায়িক নেতৃবৃন্দ স্বাস্থ্যবিধি মেনে সেমিনারে অংশগ্রহণ করেন। ওয়েবিনারের মাধ্যমেও কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যট কমিশনারেটের অধিনাশ আরো পাঁচটি জেলা যথা- ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া জেলার কর্মকর্তা, করদাতা ও ব্যবসায়িক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

কুমিল্লা কাস্টমসের যুগ্ম কমিশনার মো. মুশফিকুর রহমানের সভাপতিত্বে এবং সহকারী রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নূর-ই-আলম, কাজী শারমিন সুলতানার সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন, অতিরিক্ত কমিশনার মো. আব্দুল হাকিম, সহকারী কমিশনার মোহাম্মদ ছালাউদ্দিন রিপন। কী-নোট পেপার উপস্থাপন করেন যুগ্ম কমিশনার মো. মুশফিকুর রহমান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুমিল্লা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের পরিচালক জামাল আহমদ, ফরিদ গ্রুপের পরিচালক দোলোয়ার হোসেন মানিকসহ জেএমআই, কোকাকোলাসহ বিভিন্ন কোম্পানির প্রতিনিধিগণ।

এসময় কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যট কমিশনার মো. বেলাল হোসাইন চৌধুরী বলেন, কুমিল্লা কাস্টমস আজ সারাদেশে অনলাইন রিটার্ন সাবমিট, সার্টিফিকেট মামলা নিষ্পত্তি, রাজস্ব আহরণসহ সবকিছুতেই প্রথম স্থান অর্জন করেছে। অনলাইনে রিটার্ন সাবমিটে পরপর তিনবার জাতীয়ভাবে চ্যাম্পিয়ন হয়েছে। সকলের আন্তরিকতা আছে বলেই এটা সম্ভব হয়েছে। তিনি বলেন, দেশের অর্থনীতির সিংহভাগ রাজস্ব আসে ভ্যট থেকে। ভ্যট প্রদানের ক্ষেত্রে মানুষ যত সচেতন ও দেশপ্রেমী হবে দেশ তত উন্নত হবে। তিনি বলেন, দেশের উন্নয়নের যাত্রা বঙ্গবন্ধুর হাত ধরেই শুরু হয়েছিলো। সর্বোপরি যারা সর্বোচ্চ ভ্যটদাতা পুরস্কার পেয়েছেন তাদের অভিনন্দন জানান তিনি।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে তিনটি প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ভ্যট প্রদানে বিশেষ অবদান রাখায় সম্মাননা ক্রেস্ট, সার্টিফিকেট ও উপহার সামগ্রী প্রদান করেন কাস্টমস কমিশনার। সম্মাননা প্রাপ্ত তিনটি প্রতিষ্ঠানগুলো হচ্ছে সফিউল আলম স্টিল রিরোলিং মিলস লি., কুমিল্লা ইনফিনিটি শোরুম এবং বনফুল এন্ড কোং লি.।